জীবননগরে ৬ হাজার অসহায় মানুষের মাঝে ত্রান সামগ্রী বিতরণ করলেন নজরুল মল্লিক ।

চুয়াডাঙ্গা জীবননগরে ৬হাজার অসহায় মানুষের মাঝে ত্রান সামগ্রী বিতরণ করলেন
আওয়ামীলীগ নেতা নজরুল মল্লিক ।বুধবার সকাল ১০টার সময় চুয়াডাঙ্গা জেলা
আওয়ামীলীগের সহ-সভাপতি নজরুল মল্লিকের ব্যাক্তিগত তহবিল থেকে পবিত্র মাহে রমজান
উপলক্ষে জীবননগর উপজেলায় করোনা ভাইরাসের কারনে কর্মহীন খেটে খাওয়া অসহায়
৬হাজার দরিদ্র মানুষের মধ্যে,চাউল,ডাউল,তেল,ছুলা ও মাস্ক বিতরণ করেন নজরুল মল্লিক।এ
সময় তিনি বলেন,মহামারী করোনা ভাইরাসের কারনে জীবননগর উপজেলাসহ ,দামুড়হুদা,দর্শনায় ১৮হাজার দিনমজুর,ভ্যানচালকসহ অনকে আজ কর্মহীন হয়ে পড়েছে
।এ সমস্থ কর্মহীন মানুষের পাশে আমি সব সময় আছি এবং থাকবো গোটা রমজান

মাসেই তাদের পরিবারের মাঝে আমি ত্রাণ সামগ্রী বিতরণ করবো । এ সময় উপস্থিত
ছিলেন আওয়ামীলীগ নেতা খলিলুর রহমান,সিরাজুল ইসলাম ।

সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষে গাংনীতে ৪৫০ জন সবজি চাষীদের

মাঝে বীজ বিতরণ

সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষে মেহেরপুরের গাংনীতে ৪৫০জন সবজি চাষীদের মাঝে ৬ প্রকার বীজ বিতরণ করা হয়েছে। বুধবার দুপুর ১২ টায় গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উদ্যোগে এ বীজ বিতরণ করা হয়। গাংনী উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দীন আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

এসময় কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাসেল রানা সহ উপসহকারী কৃষি কর্মকর্তা সহ স্থানীয় সবজি চাষীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের শহরে টিসিবি পণ্য বিক্রয় হচ্ছে ক্রেতাদের হয়রানি

মেহেরপুরের শহরেরটিসিবি পণ্য বিক্রয় হচ্ছে ক্রেতাদের হয়রানি।মানা হচ্ছে না সামাজিক দূরত্ব মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রয়।

সারা বিশ্ব যেখানে করনা ভাইরাসের প্রাদুর্ভাবে থমথমে অবস্থা বিরাজ করছে। সেখানে মেহেরপুরের শহরের সরকারি নির্দেশনা না মেনেই চলছে টিসিবির বিভিন্ন রকমের পণ্য বিক্রয়।

আজ মঙ্গলবার বিকেল ৪ টার সময় মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সামনে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রি। যেখানে, প্রশাসনের দৃষ্টি থাকা সত্ত্বেও তারা ব্যর্থ। গাদাগাদি করে লাইনে দারিয়ে পণ্য নেওয়ার জন্য ভির করেছেন সাধারণ জনগণ।

এখানে ৬০ টাকা কেজি দরে ছোলা, ৫০ টাকা কেজি দরে মসুর ডাউল, ৫০ টাকা কেজি দরে চিনি, ১২০ টাকা কেজি দরে খেজুর ও ৮০ টাকা কেজি দরে তেল বিক্রিয় করা হচ্ছে জানা গেলেও সেখানে চলছে ৫০০ টাকা থেকে শুরু করে ১১৬০ টাকা পর্যন্ত প্রাকেজে পণ্য বিক্রি।সেখান গিয়ে

দীর্ঘ
লাইন অতিক্রম করার পরও খালি হাতে বাড়ি ফিরে যাচ্ছে বেশির ভাগ ক্রেতা ।

ক্রেতার অভিযোগ টিসিবির বিভিন্ন রকমের পণ্য বিক্রয় করা হচ্ছে অনিয়ম।প্যাকেজ পণ্য বিক্রি করা কারণে আমরা পণ্য কিনতে পারছি না।তারা বলে সাধ থাকলেও সাধ্যের বাইরে আমাদের কারণ পণ্য যদি প্যাকেজ না কেনা হয় তাহলে পণ্য বিক্রি করা হবেনা |

সকাল থেকে লাইনে দাড়িয়ে পণ্য না পেয়ে হতাশ হয়ে ফিরে যেতে হচ্ছে অনেক ক্রেতা কে।

মেহেরপুরে আর কোনো নতুন করোনা রোগী শনাক্ত হয়নি

মেহেরপুরে এখন পর্যন্ত করোনা রোগী শনাক্ত হয়েছে ২ জন। আজ বুধবার নতুন প্রাপ্ত ফলাফল ৫৮ টি এরমধ্যে (অসম্পূর্ণ আছে ১৯ টি) নেগেটিভ ৩৯ টি।

আজ পর্যন্ত মোট প্রাপ্ত ফলাফল ৩৪২ টি এরমধ্যে: পজেটিভ ২ টি, নেগেটিভ ৩২১ টি, অসম্পূর্ণ রয়েছে ১৯ টি।

আজ বুধবার দুপুরে মেহেরপুর এর সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন মেহেরপুর প্রতিদিন কে এই তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহের শৈলকুপায় সাবেক সেনা

সদস্যের ছেলেকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার শেখপাড়া গ্রামে হামলায় আহত আরাফাত রহমান বিশ্বাস (২১) নামে কুষ্টিয়া রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় ছাত্র খুন হয়েছে।

প্রতিবেশি পদমদী গ্রামের গোলাম জোয়ারদারের পরিবারের সাথে জমি নিয়ে বিরোধের জের ধরে মঙ্গলবার দুপুরে আরাফাতকে কুপিয়ে যখম করা হয়। বুধবার সকাল সাড়ে ৯টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় আরাফাতের।

কুষ্টিয়া রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি দ্বিতীয় বর্ষের ছাত্র আরাফাত শেখপাড়া গ্রামের কুৃটিপাড়ার সাবেক সেনাবাহিনীর সদস্য বিদ্যুৎ হোসেন বিশ্বাসের ছেলে। পুলিশ ও গ্রামবাসি সুত্রে জানা গেছে, নিহত আরাফাতের পিতা বিদ্যুৎ বিশ্বাস অন্য দুই চাচার জমি কিনে বাড়ি নির্মান করেন। ওই জমি কম টাকায় কিনতে চেয়েছিল পাশ্ববর্তী গ্রামের গোলাম জোয়ারদার। জমি কিনতে না পেরে বাড়িতে যাতায়াতের পথ নিয়ে প্রায় গোলাম জোয়ারদারের সাথে তর্কবিতর্ক হয় বিদ্যুৎ বিশ্বাসের।

মঙ্গলবার দুপরে যাতায়াতের পথ ঘেরাকে কেন্দ্র করে গোলাম জোয়ারদার ও তার ছেলে সন্ত্রাসী উজ্জল, ভাতিজা সানোয়ার, আনোয়ার ও রাজ্জাক আতর্কিত ভাবে সাবেক সেনা সদস্য বিদ্যুতের বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলের উপর হামলা চালায়। হামলায় গুরুত আহত হন আরাফাত। প্রথমে শৈলকুপা ও পরে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে বুধবার সকাল সাড়ে ৯টার দিকে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান,জমি নিয়ে বিরোধের জের ধরে এই হত্যাকান্ড ঘটেছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

মেহেরপুরের বারাদীতে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রয়

সারা বিশ্ব যেখানে করনা ভাইরাসের প্রাদুর্ভাবে থমথমে অবস্থা বিরাজ করছে। সেখানে মেহেরপুরের বারাদীতে সরকারি নির্দেশনা না মেনেই চলছে টিসিবির বিভিন্ন রকমের পণ্য বিক্রয়।

আজ বুধবার সকাল ১০ টার সময় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রি। যেখানে, প্রশাসনের দৃষ্টি থাকা সত্ত্বেও তারা ব্যর্থ। গাদাগাদি করে লাইনে দারিয়ে পণ্য নেওয়ার জন্য ভির করেছেন সাধারণ জনগণ।

এখানে ৬০ টাকা কেজি দরে ছোলা, ৫০ টাকা কেজি দরে মসুর ডাউল, ৫০ টাকা কেজি দরে চিনি, ১২০ টাকা কেজি দরে খেজুর ও ৮০ টাকা কেজি দরে তেল বিক্রিয় করা হচ্ছে।

তবে সকাল থেকে লাইনে দাড়িয়ে পণ্য না পেয়ে হতাশ হয়ে ফিরে যেতে হচ্ছে অনেক ক্রেতা কে।

চুয়াডাঙ্গা জেলায় শ্রেষ্ট ওসি দর্শনা থানার মাহাবুবুর রহমান

চুয়াডাঙ্গা জেলার ৫টি থানার মধ্যে দর্শনা নবগঠিত থানা আইন শৃঙ্খলাসহ সার্বিক বিষয়ে ১ম স্থানে আবস্থান করেছে।

গতকাল মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় গত মার্চ-২০২০ মাসের জেলা আইন শৃঙ্খলা ভিডিও কনফারেন্স এর সভায় দর্শনা থানাকে শ্রেষ্ঠ থানা হিসাবে ঘোষনা করেন জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

এছাড়া দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মাহাব্বুর রহমান, এসআই

শরিফুল ইসলাম ও এএসআই মারুফুল ইসলামকে দক্ষতার সাথে তাদের দায়িত্ব পালন করায় শ্রেষ্ঠ কর্মকর্তা হিসাবে নিবার্চন করেন।

মাদকসহ বিভিন্ন অভিযানে আসামী গ্রেফতার, অপরাধ দমনে দক্ষ ভুমিকা, দর্শনা থানার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখার প্রেক্ষিতে দর্শনা নবগঠিত থানকে ও অফিসার্স ইনচার্জসহ ৩জন অফিসারকে শ্রেষ্ঠ অফিসার হিসাবে স্বীকৃতি দেন জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের সামাজিক সহায়তা প্রদান

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব অসংক্রামক মোকাবেলায় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের সহযোগিতায় কর্মহীন অসহায় পরিবারের মাঝে খাবার সামগ্রী বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে সদরের ঝাউবাড়িয়া ও গাংনীতে শতাধিক সামাজিক সহয়তা প্রদান করা হয়।

রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের সভাপতি ও জেলা পরিষষেদর চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চাল, ডাল, লবন, তেল, সুজি, চিনি কর্মহীন অসহায়দের মাঝে তুলে দেন।

অন্যদের মধ্যে জেলা সাধারণ সম্পাদক অ্যাড. খন্দকার একরামুল হক হীরা, যুব প্রধান খন্দকার শামসুজ্জোহাসহ সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনীর ডিসি ইকো পার্কের নির্মানাধিন স্মৃস্তিস্থম্ভের বেদি বালির পরিবর্তে মাটি দিয়ে ভরাট

সরকারি নির্দেশনা উপেক্ষা করে গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কে চলছে স্মৃতিস্থম্ভের নির্মাণ কাজ। এর আগে পার্কের নির্মাণ কাজ নিয়ে অনিয়মের সংবাদ প্রকাশ হওয়ার পর উপজেলা প্রশাসন কাজটি বন্ধ রাখার নির্দেশ দেন। করোনা পরিস্থিতিতির কারনে নির্মানাধীন কাজে প্রশাসনিক তদারকি সঠিকভাবে করতে না পারায় বন্ধ রাখার নির্দেশ দেন নির্বাহী অফিসার দিলারা রহমান।

কিন্তু সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়াম্যান ফারুক হোসেন নির্দেশনা উপেক্ষা করে কাজটি চলমান রেখেছেন। চলামান কাজে স্মৃতিস্থম্ভের চারিপাশে ৬ টি টবে বালির পরিবর্তে মাটি ব্যবহার করার অভিযোগ উঠেছে।

এ বিষয়ে সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফারুক হোসেন জানান, কাজ বন্ধ রাখার নির্দেশ রয়েছে আমি জানি। তারপরও অল্প একটু কাজ করেছি। করোনা পরিস্থিতিতি স্বাভাবিক হলে সাংবাদিকদের ডেকে কাজ শুরু করবো। বালির পরিবর্তে মাটি দেওয়ার কথা জানতে চাইলে তিনি বিষটি এড়িয়ে যান।

উল্লেখ্য, গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কে স্মৃতিস্থম্ভ নির্মাণ করার জন্য সরকার ৪১ লাখ ৪৭ হাজার টাকা বরাদ্ধ দেয়। কুষ্টিয়া মিরপুর এলাকার ঠিকাদার সোহেল রেজা কাজটি পাই। পরে সাহারবাটি ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন কাজটি সম্পূর্ন করার দায়িত্ব নেন।

আলমডাঙ্গায় ব্যবসা প্রতিষ্ঠান ও খামারিরা টিকে থাকতে আর্থিক প্রনোদনার দাবি

কোভিড-১৯ মোকাবিলায় চুয়াডাঙ্গা জেলা চলছে লকডাউন। শুধুমাত্র চিকিৎসালয়, ফার্মেসী, কাঁচাবাজর, মুদিখানার দোকান বাদে সমস্ত ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ। গত এক সপ্তাহ থেকে বন্ধ ঘোষণা করা হয়েছে চুয়াডাঙ্গা জেলায় ভ্যান, রিক্সা, ইজিবাইকসহ সবধরনের অবৈধ যানবাহন চলাচল।

ফলে চরম বিপাকে পড়েছে খেটে খাওয়া দিনমজুর, নিম্নমধ্যবিত্ত - মধ্যবিত্তসহ বিভিন্ন ব্যবসায়ীরা। বেশি বিপাকে পড়েছে ডেইরি খামারিরা।
আলমডাঙ্গা বাজারের বাবু মিষ্টান্ন ভান্ডারের দুইটি ও অধিকারী মিষ্টান্ন ভান্ডার দুইটি মোট ৪টি মিষ্টির দোকান বাদে প্রায় অর্ধশত মিষ্টির দোকানসহ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে অবস্থিত শতাধিক মিষ্টির দোকান বন্ধ রয়েছে। যে কারণে কম দামে দুধ বিক্রি করতে বাধ্য হচ্ছে খামারিরা।

আলমডাঙ্গার কুমারীর গ্রামের খামারি রানা মন্ডল জানান, “করোনাভাইরাসের কারণে বড় কোনো প্রতিষ্ঠান দুধ নিচ্ছে না। মিষ্টির দোকান ও হোটেল গুলোও বন্ধ। অল্প দামেও দুধ বিক্রি সম্ভব হচ্ছে না। এখানে দুধ সংরক্ষণ করে রাখার কোনো ব্যবস্থা নেই। বর্তমানে আমার খামারে দুধ না দুইয়ে বাছুরকে দিয়ে সবই খাওয়ানো হচ্ছে। এভাবে চলতে থাকলে খামারিরা পথে বসে যাবেন বলে মন্তব্য করেন।

কলেজ পাড়ার খামারি জেহুন আলী সেন্টু বলেন, ‘আমার খামারে ৬টি গাভী রয়েছে। দুধ বিক্রি করতে পারলে প্রতিদিন সাড়ে তিন থেকে চার হাজার টাকা আসতো। কিন্তু এত দুধ কোথায় বিক্রি করব? মিষ্টির দোকান বন্ধ।”

অন্যদিকে, বিভিন্ন খামারের মালিকরা তাদের খামারের পশুদের জন্য খাবার কিনতে না পেরে বিপাকে পড়েছেন। বর্তমানে যানবাহন চলাচল না করাতে পশুখাদ্যের দাম অনেক বৃদ্ধি পেয়েছে। এ অবস্থা চলতে থাকলে লোকশানের বোঝা মাথায় নিয়ে খামার বন্ধ করা ছাড়া উপায় থাকবেনা

বলে জানিয়েছেন আলমডাঙ্গার বিভিন্ন খামারের মালিকরা।

আলমডাঙ্গার কুমর নদ পাড়ের খামারি আব্দুল জব্বার লিপুর গরু মোটাতাজাকরণ খামার, ছাগল ও হাঁস-মুরগির খামারের বেহাল অবস্থা। তিনি বলেন, “প্রয়োজনীয় খাবার বর্তমানে পাওয়া যাচ্ছে না। প্রতি পন বিচুলি আগে যেখানে নিত ১৩০ টাকা বর্তমানে তা হয়েছে ৩’শ ৫০ টাকা। তাও আবার সময় মতো পাওয়া যায়না। গরুর খামারে বছরে তিনবার গরু বিক্রি করা হয়ে থাকে। পহেলা বৈশাখ আর দুই ঈদে। এবারের পহেলা বৈশাখে একটিও গরু বিক্রি হয়নি। সামনে আসছে ঈদ। ঈদেও এবার কি হবে বলা মুসকিল।” খামার শিল্প বাঁচিয়ে রাখতে খামারিদের সুদমুক্ত ঋণ ও আর্থিক প্রণোদনার দাবি জানিয়েছেন।